A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

বৃহস্পতিবার | ২৬ মে ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ২৫৩ সংখ্যা | ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ সাল | ২৪ শাওয়াল ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা



*আইআইইউসি ফার্মা ক্লাবের পক্ষে উপাচার্য প্রফেসর মোহাম্মদ আনোয়ারুল আজিম আরিফ ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরীকে বরণ করে নেওয়া হচ্ছে*

# আইআইইউসি ফার্মাসি বিভাগের বিদায় ও পুরস্কার বিতরণ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ফার্মা ক্লাবের উদ্যোগে ফার্মাসি বিভাগের ফিমেইল শিক্ষার্থীদের বিদায় ও পুরস্কার বিতরণ গত ২৩ মে সেন্ট্রাল অডিটোরিয়ামে সম্পন্ন হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর মোহাম্মদ আনোয়ারুল আজিম আরিফ। গেস্ট অব অনার ছিলেন ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান এবং আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রিজিয়া রেজা চৌধুরী। ফার্মাসি বিভাগের চেয়ারম্যান কাজী আশফাক আহমদ চৌধুরীর সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. মোহাম্মদ আকতার সায়েদ, প্রফেসর ড. মোহাম্মদ মীর এজহারুল ইসলাম, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার। উপস্থিত ছিলেন ফার্মাসি বিভাগের সহযোগী প্রফেসর মোহাম্মদ আবু সায়েদ, সহকারি অধ্যাপক এ.টি.এম মোস্তফা কামাল, ডা. মো. রফিকুল ইসলাম, ডা. মো. জসিম উদ্দিন, ডা. মোহাম্মদ হজরত আলী, সহকারি অধ্যাপক আলী রেজা, ডা. মোহাম্মদ আরিফুল হক, ফার্মাসি বিভাগের কো-অর্ডিনেটর শামীমা নাসরিন প্রমুখ। প্রধান অতিথি বলেন, সরকার বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের উপর বেশি জোর দিচ্ছেন। সেই ধারাকে অব্যাহত রাখতে নারীদের অংশগ্রহণ অত্যন্ত জরুরি। দেশের জনগোষ্ঠীর প্রায় অর্ধেক নারীসমাজকে সাথে নিয়েই আমাদের উন্নয়নের পথে হাঁটতে হবে। ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী বলেন, নারীরা আধুনিক শিক্ষায় শিক্ষিত হওয়া ছাড়া একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা করা অসম্ভব। তারই ধারাবাহিকতায় আইআইইউসি ফার্মাসি বিভাগের ছাত্রীরা আধুনিক জ্ঞান অর্জনের মাধ্যমে আধুনিক স্বাস্থ্য রক্ষা নিশ্চিতের লক্ষ্যে যোগ্য ফার্মাসিস্ট হিসেবে দেশ-বিদেশে সুনামের সাথে কাজ করতে পারবে বলে আমরা আশাবাদী। শেষে প্রাক্তন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 26 May 2022, Page: 3, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-05-26